আগামী ২৪ অক্টোবর সারাদেশে মুক্তি পাচ্ছে মোস্তফা সরয়ার ফারুকীর নতুন ছবি পিঁপড়াবিদ্যা। ইমপ্রেস টেলিফিল্ম প্রযোজিত এই ছবিতে প্রধান দুটি চরিত্রে অভিনয় করেছেন নুর ইমরান মিঠু ও ভারতীয় অভিনেত্রী শিনা চৌহান। তবে মুক্তির আগেই দুটি আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ডাক পেয়েছে ফারুকীর চিত্রনাট্য ও পরিচালনায় নির্মিত পিঁপড়াবিদ্যা। দ্বিতীয়বারের মতো ছবিটি নির্বাচিত হয়েছে এশিয়া প্যাসিফিক স্ক্রিন অ্যাওয়ার্ড প্রতিযোগিতার জন্য। এছাড়া দক্ষিণ কোরিয়ার বুসান উৎসবেও প্রদর্শনের জন্য মনোনীত হয়েছে ছবিটি। উৎসবের উইন্ডোজ অন এশিয়ান সিনেমা ক্যাটাগরিতে দেখানো হবে ছবিটি।

আবেদনময়ী পেনিলোপে ক্রুজ

ইসকোয়ার ম্যাগাজিনের বিচারে জীবিতদের মধ্যে সবচেয়ে আবেদনময়ী নারী নির্বাচিত হলেন পেনিলোপে ক্রুজ। বিশ্বখ্যাত এই বিনোদন ম্যাগাজিনটি প্রতিবছর একজন নারীকে এই খেতাব প্রদান করে। পেনিলোপে এই খেতাবপ্রাপ্ত ১১তম নারী। এর আগে অ্যাঞ্জেলিনা জোলি, হ্যালি বেরি, রিহানা প্রমুখ তারকা এই খেতাব লাভ করেন। ইসকোয়ার কর্তৃপক্ষ জানিয়েছে, ক্রুজ তার সৌন্দর্য ও শৈল্পিক দক্ষতা দিয়ে মানুষের হৃদয়ে স্থান করে আছেন। মানুষকে আকর্ষণ করার অসম্ভব ক্ষমতা রয়েছে তার।

স্মৃতিময় ফ্রেম

সামনের সারিতে বসা– (বাঁ থেকে) পদার্থবিজ্ঞানে থার্মাল আয়নাইজেশন তত্ত্বের প্রতিষ্ঠাতা মেঘনাদ সাহা (৬ অক্টোবর, ১৮৯৩– ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬), উপমহাদেশের প্রখ্যাত বিজ্ঞানী স্যার জগদীশ চন্দ্র বসু (৩০ নভেম্বর, ১৮৫৮– ২৩ নভেম্বর, ১৯৩৭) ও স্যার জে সি ঘোষ

আলো

আবু রেজা নান্টু

মানুষের কল্যাণে নিরলস কাজ করে চলেছেন মাগুরা কলেজপাড়ার আবু রেজা নান্টু। তিনি একাধারে সাহিত্যানুরাগী, সংগীতপ্রেমী, রাজনীতিবিদ ও সমাজসেবক। তবে তার সবচেয়ে বড় পরিচয় সমাজসেবক। বেকারদের কর্মসংস্থান, বৃক্ষরোপণ, খেলাধুলা, গরিব-মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তি প্রদান, শীতার্ত ও বন্যাকবলিতদের মাঝে ত্রাণতৎপরতা, অসহায়দের চিকিৎসাসেবা ছাড়াও সম্পৃক্ত রয়েছেন বেশ কয়েকটি সাহিত্য-সাংস্কৃতিক সংগঠনের সঙ্গে।

কথা প্রসঙ্গে আবু রেজা নান্টু জানান, 'মানুষের জন্য কিছু করতে পারলে ভালো লাগে। আমি আমার পরিবার থেকেই শিখেছি মানুষের কল্যাণে কাজ করার শিক্ষা। আমার আব্বা সব সময় বলতেন– মানুষের উপকার করলে আল্লাহ তোমার উপকার করবেন। আমি সব সময় সাধ্যমতো চেষ্টা করি মানুষের কল্যাণে কিছু করতে। আমাদের সবার উচিত যার যার অবস্থান থেকে মানুষের পাশে দাঁড়ানো।'

–লিটন ঘোষ জয়

অর্থ নয়, চাই স্বীকৃতি : দীপিকা

এখন বলিউডের ব্যস্ততম নায়িকা দীপিকা পাড়ুকোন। একটির পর একটি ব্যবসাসফল ছবি উপহার দিয়ে চলছেন এই প্রতিভাবান অভিনেত্রী। তবে সাফল্য কিংবা অর্থ-বিত্ত নয়, কাজের স্বীকৃতিকেই সবচেয়ে বেশি মূল্য দেন দীপিকা। সম্প্রতি ইন্দো-এশিয়ান নিউজকে দেয়া এক সাক্ষাৎকারে দীপিকা বলেন, কাজের স্বীকৃতি প্রাপ্তিটা আমার কাছে সব সময়ই গুরুত্বপূর্ণ। একটি চলচ্চিত্রের জন্য এত যে পরিশ্রম করি তা কিসের জন্য? কাজের স্বীকৃতি যদি না মেলে তবে কাজ করার কোনো মানেই হয় না। একজন অভিনেত্রীর জীবন এত সহজ নয় বলে মনে করেন দীপিকা। তার কাছে একজন অভিনেত্রীর গড়ে ওঠার পথটা অনেক বন্ধুর ও পরিশ্রমের। তাই কাজের স্বীকৃতি একটি বড় বিষয় একজন অভিনেত্রীর জন্য।

ফারাহ খানের প্রশংসায় শাহরুখ

এবার ফারাহ খানের প্রশংসায় পঞ্চমুখ হলেন বলিউড বাদশা শাহরুখ খান। নিজের পরবর্তী

ছবি 'হ্যাপি নিউ ইয়ার'-এর পরিচালক ও প্রিয় বন্ধু ফারাহ খানের প্রতিভা আর সৃজনশীলতায় মুগ্ধ কিং খান। নিজের বহুমুখী প্রতিভা, আত্মবিশ্বাস আর সাহসিকতার কারণেই ফারাহ বলিউডে নিজের স্থান করে নিয়েছেন বলে মনে করেন তিনি। শাহরুখ বলেন, 'একজন নারীর পক্ষে বলিউডের মতো পুরুষপ্রধান ইন্ডাস্ট্রিতে টিকে থাকা এত সহজ নয়, কিন্তু ফারাহ সেটা বেশ ভালোভাবেই করে চলছেন। আমি যদিও ফারাহর সঙ্গে দুই বছর ধরে কাজ করছি, কাজের অভিজ্ঞতা থেকেই বুঝতে পারি তার মতো আত্মবিশ্বাস আমার নেই। এখনো একটি ছবি পরিচালনা করার মতো সাহস আমার হয়নি, যেটা দশ হাজার লোক দেখবে। অথচ ফারাহ তার মতোই এগিয়ে চলছেন।'

কারাতে শিখছেন কৃতি স্যানোন

পরবর্তী ছবির চরিত্রের প্রয়োজনে কারাতে শিখতে শুরু করেছেন বলিউডের নতুন সেনসেশন কৃতি স্যানোন। জ্যাকি শ্রফ পুত্র টাইগার শ্রফের বিপরীতে হিরোপান্টি ছবির মাধ্যমে বলিউডে অভিষেক হয় কৃতির। প্রথম ছবিতেই দর্শকদের নজর কাড়তে সক্ষম হন। সুপারস্টার অক্ষয় কুমারের বিপরীতে তার পরবর্তী ছবির কাজ শুরু হবে শিগগিরই। ছবির নাম সিং ইজ ব্লিং। আর এ ছবির চরিত্রের প্রয়োজনে শিখতে শুরু করেছেন কারাতে।

আপনি জানেন কি

যেভাবে হেমা মালিনী

বহুমুখী প্রতিভার অধিকারী হেমা মালিনী। একাধারে অভিনেত্রী, নৃত্যশিল্পী, পরিচালক, প্রযোজক এবং বর্তমানে একজন খ্যাতনামা রাজনীতিবিদও বটে। হেমা মালিনীর বলিউড অভিষেক ঘটে আরেক খ্যাতিমান অভিনেতা রাজ কাপুরের বিপরীতে 'স্বপ্ন কা সওদাগর' ছবিতে। ১৯৬৮ সালে মুক্তিপ্রাপ্ত ছবিটি পরিচালনা করেন মহেশ কাউল। যদিও তার আগে তামিল সিনেমায় একজন নৃত্যশিল্পী হিসেবে অভিনয় করেন তিনি। ১৯৬১ সালে তামিল সিনেমায় যাত্রা শুরু হেমা মালিনীর। ১৯৬৩ সালে তামিল সিনেমা 'ইধু সাথিয়াম' ছবিতে এসএ অশোকানের বিপরীতে একটি গানের দৃশ্যে অভিনয় করে প্রথম লাইমলাইটে আসেন এই তারকা। বেশ কিছু ব্যবসাসফল তামিল ছবিতে অভিনয় করে সহজেই বলিউডের নজর কাড়তে সক্ষম হন। শুরু হয় তার জীবনের বলিউড অধ্যায়। অভিনেত্রী হিসেবে আসন পাকাপোক্ত হওয়ার পর হেমা মালিনী হাত দেন ছবি নির্মাণের কাজে। শাহরুখ খান অভিনীত প্রথম ছবি 'দিল আসিয়ানার' পরিচালক ছিলেন তিনি। যদিও সেটি শাহরুখের দ্বিতীয় ছবি 'দিওয়ানা'র পরে মুক্তি পায়। পরে নামেন রাজনীতিতেও। বিগত নির্বাচনে বিজেপির প্রার্থী হিসেবে নির্বাচিত হন. হেমা মালিনী।

ডেম গ্র্যান্ড ক্রস পেলেন অ্যাঞ্জেলিনা জোলি

সমাজসেবা আর মানবিক কর্মকাণ্ডের স্বীকৃতি হিসেবে হলিউড তারকা অ্যাঞ্জেলিনা জোলি পেলেন সেন্ট মিচেল ও সেন্ট জর্জের নামে প্রদত্ত বিখ্যাত ডেম গ্র্যান্ড ক্রস। ব্রিটেনের রানী দ্বিতীয় এলিজাবেথ ১০ অক্টোবর ডেমহুড পদক তুলে দেন তার হাতে। সমাজসেবা ও দাতব্য কাজে অগ্রণী ভূমিকার জন্য জোলিকে 'নারীদের নাইটহুড' নামে খ্যাত এই সম্মাননা দেয়া হয়। যুদ্ধক্ষেত্রে নারীধর্ষণবিরোধী একটি সম্মেলনে অংশ নিতে জোলি সম্প্রতি ইংল্যান্ডে যান। আর তখনই রানীর হাত থেকে এ পুরস্কার গ্রহণ করেন তিনি। পুরস্কার পেয়ে বেশ উচ্ছ্বসিত দুইবারের অস্কারজয়ী এই অভিনেত্রী সংবাদ মাধ্যমকে বলেন, 'যে কোনো পুরস্কারই অনেক সম্মানজনক। এটি আমার জীবনের বড় একটি প্রাপ্তি। এমন সব কাজের জন্যই আমি নিজেকে উৎসর্গ করতে চাই।'

আমাল আলামুদ্দিন এখন আমাল ক্লুনি

হলিউডের সবচেয়ে কাঙ্ক্ষিত ব্যাচেলর হিসেবে খ্যাত ছিলেন জর্জ ক্লুনি। সম্প্রতি বিয়ে করেন লেবাননে জন্ম নেয়া ব্রিটিশ অ্যাটর্নি আমাল আলামুদ্দিনকে। বিয়ের পরই আমাল সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে নিজের নামের শেষাংশ কেটে জুড়ে নেন স্বামীর নাম। দীর্ঘ ৩৬ বছর আমাল আলামুদ্দিন নামে পরিচিত থাকলেও এখন তার নাম হয়ে গেছে আমাল ক্লুনি। ইউএস ম্যাগাজিন আমালের বরাত দিয়ে জানিয়েছে, এখন থেকে এই নামেই সবার কাছে পরিচিত হতে চান এই আইনজীবী।

বিলবোর্ড ওমেন অব দ্য ইয়ার টেইলর সুইফট

২০১৪ সালের জন্য বিখ্যাত বিলবোর্ড ম্যাগাজিনের 'ওমেন অব দ্যা ইয়ার' নির্বাচিত হয়েছেন মার্কিন পপ তারকা টেইলর সুইফট। এ নিয়ে দ্বিতীয়বারের মতো তিনি এই পুরস্কার জিতলেন। এর আগে একাধিকবার এই পুরস্কার জেতার রেকর্ড নেই আর কারো। গত এক বছরে বিশ্ব সংগীতে অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এই পুরস্কার দেয়া হয়েছে বলে বিলবোর্ড ম্যাগাজিনের এক কর্মকর্তা জানান। আগামী ১২ ডিসেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে মিউজিক অ্যাওয়ার্ড অনুষ্ঠানে বিলবোর্ড ওমেন অব দ্যা ইয়ারের পুরস্কার তুলে দেয়া হবে ২৪ বছর বয়সী এই মিউজিক সেনসেশনের হাতে। পুরস্কার প্রাপ্তির খবরে সুইফট তার অনুভূতি জানাতে গিয়ে বলেন, 'আমার জীবন যে পথে চলছে তাতে আমি ভীষণ গর্বিত। আনন্দের মাঝেই এগিয়ে চলছে প্রতিটি দিন।'

গ্রন্থনা : **আহমেদ বায়েজীদ**